তারিখ ...30 JUL 2015...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ..... ৮.....

# নার্সিং বিষয়ে স্নাতকোত্তর শিক্ষা উন্নয়নে কোরিয়া সরকারের সহায়তা

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) মিলন হলে ডাইরেক্টরেট অফ নার্সিং সার্ভিসেস (ডিএনএস) এবং কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (কোইকা) যৌথ উদ্যোগে মঙ্গলবার "নার্সিং ডেভেলপমেন্ট" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে দক্ষিণ কোরিয়ার ইয়নসে বিশ্ববিদ্যালয়ের নার্সিং বিষয়ের অধ্যাপকগণসহ ৫০ জনেরও বেশি নার্সিং শিক্ষা বিশেষজ্ঞ অংশগ্রহণ করেন এবং বাংলাদেশে আধুনিক স্নাতকোত্তর নার্সিং শিক্ষা উন্নয়নে তাদের অভিজ্ঞতালব্ধ জ্ঞান তুলে ধরেন।

বাংলাদেশে নিযুক্ত কোইকার কান্ট্রি ডাইরেক্টর, যুগ্ম-সচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, উপ-উপাচার্য (বিএসএমএমইউ), পরিচালক (ডিএনএস), বাংলাদেশ নার্সিং কাউন্সিলের (বিএনসি) রেজিস্ট্রার, বাংলাদেশ নার্স অ্যাসোসিয়েশনের (বিএনএ) সভাপতি, কোরিয়ার ইয়নসে বিশ্ববিদ্যালয়ের মুখপাত্র এবং অন্যান্য স্বনামধন্য বিশ্ববিদ্যালয় ও কলেজের নার্সিং বিশেষজ্ঞগণ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

মোট ১৩ দশমিক ৭৫ মিলিয়ন মার্কিন ডলার কোইকা অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় কোরিয়ায় প্রশিক্ষণপ্রাপ্ত বাংলাদেশি নার্সিং বিষয়ক শিক্ষকগণ তাদের গবেষণালব্ধ ফলাফল ও মতামত এই সেমিনারে তুলে ধরেন যার মূল উদ্দেশ্য- বাংলাদেশে উন্নত নার্সিং শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা।

এই প্রকল্পের মাধ্যমে জাতীয় নার্সিং ইনস্টিটিউটের অ্যাকাডেমিক বিল্ডিং, অডিটোরিয়াম ও হোস্টেল তৈরি করা হবে এবং স্নাতকোত্তর নার্সিং শিক্ষা পাঠ্যক্রম প্রণয়ন ও নার্সিং শিক্ষা বিষয়ক সংশ্লিষ্ট ব্যক্তিদের জন্য কোরিয়াতে বিভিন্ন ধরনের মানোন্নয়ন ট্রেনিং যেমন ম্যানেজারিয়াল ট্রেনিং প্রোগ্রাম, ৪ বছর মেয়াদি পিএইচডি ট্রেনিং প্রোগ্রাম এবং ৩ মাস মেয়াদি শিক্ষক মানোন্নয়ন প্রোগ্রাম ইত্যাদি বাস্তবায়ন করা হবে। -প্রেস বিজ্ঞপ্তি